



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nstda.gov.bd

‘দক্ষ হাতে গড়ব দেশ
শেখ হাসিনা’র বাংলাদেশ’

নং- ০৩.১৪.২৬৯২.৮৭৯.১৮.০০১.২৩-৮৭৪

তারিখ:

১৫ ফাল্গুন ১৪৩০ ব.

২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-এর অধীনে নিবন্ধিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে (এসটিপি) ‘ট্রেইনিং এন্ড অ্যাসেসমেন্ট’ সেক্টরের আওতায় চলমান কোর্সসমূহ এর প্রশিক্ষণ কার্যক্রম তথা- সিবিএ মেথোডোলজি (লেভেল-৪) এবং সিবিটিএন্ডএ মেথোডোলজি (লেভেল-৪ এবং লেভেল-৫) কোর্সসমূহ অধিকতর কার্যকর করার লক্ষ্যে নিম্নরূপ ব্লেন্ডেড পদ্ধতিতে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো-

(ক) সিবিএ মেথোডোলজি (লেভেল-৪) এর মোট ১৩৬ ঘণ্টা প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে অফ দ্য জব এর ৫৪ ঘণ্টা ন্যূনতম ০৬ (ছয়) দিন ফেস টু ফেস প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং সপ্তম দিন অথবা নিকটতম দিনে অ্যাসেসমেন্ট সম্পন্ন করতে হবে। ফেস টু ফেস প্রশিক্ষণের পূর্বে ১০দিন (প্রতিদিন ৩ ঘণ্টা করে) এবং সেলফ পেসড লার্নিং ও অ্যাসাইনমেন্টসহ অনলাইন প্রশিক্ষণ প্রদান করতে হবে। অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে কমপক্ষে একদিন অন্তর অন্তর প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনে এই ব্যবধান বৃদ্ধি করতে পারবেন।

খ) সিবিটিএন্ডএ মেথোডোলজি (লেভেল-৪) এর মোট ৩৬০ ঘণ্টা প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে অফ দ্য জব এর ১৩০ঘণ্টা ২০ (বিশ) দিনের (প্রতি ব্লকে ১০দিন) ফেস টু ফেস (অফ লাইন) প্রশিক্ষণ প্রদান করতে হবে। দুই ব্লকের মধ্যে মোট ২৫দিন (কমপক্ষে একদিন পর পর প্রতিদিন ৩ ঘণ্টা করে এবং সেলফ পেসড লার্নিং ও অ্যাসাইনমেন্টসহ) অনলাইন প্রশিক্ষণ প্রদান করতে হবে। অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এই ব্যবধান একদিনের বেশী বৃদ্ধি করে প্রশিক্ষণ ডিজাইন করতে পারবেন। দ্বিতীয় ব্লকের ১০দিন ফেস টু ফেস প্রশিক্ষণের পর ১১তম দিনে বা নিকটতম সুবিধাজনক সময়ে অ্যাসেসমেন্ট সম্পন্ন করা যাবে।

গ) সিবিটিএন্ডএ মেথোডোলজি, লেভেল-৫ (মাস্টার ট্রেইনার) এর ক্ষেত্রে উপরে বর্ণিত (খ) অর্থাৎ সিবিটিএন্ডএ মেথোডোলজি (লেভেল-৪) এর প্রশিক্ষণ-ডিজাইন অনুসরণ করা যেতে পারে।


২৮.০২.২০২৪

মোঃ নাজমুল হাসান

সহকারী পরিচালক (অ্যাসেসমেন্ট টুলস)

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

যোগাযোগঃ

ফোনঃ ০১৫৩১-৯৯৪০৬৫

ইমেইলঃ ad.assesstool@nstda.gov.bd